দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 DEC 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় থাকবেন খালেদা জিয়া

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়তাবাদী ছাত্রদলের ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী আগামী ১ জানুয়ারি। এ উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভার কর্মসূচি হাতে নিয়েছে ছাত্রদল। ১ জানুয়ারি বিকেলে রমনার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এর আগে রাত ১২টা ০১ মিনিটে প্রথম প্রহরে গুলশানে বিএনপি চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে কেট কাটা হবে। আলোচনা সভা ও কেক কাটার অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়া।